

দিন বদলের স্বপ্ন প্যাকেজ সরকারের কাছে বাস্তবায়ন প্রত্যাশা

খাদ্য, বস্ত্র, শিক্ষা, চিকিৎসা, বাসস্থান, সংবিধান অনুযায়ী প্রতিটি নাগরিকের এটি মৌলিক অধিকার। অথচ আমাদের দেশে হাজারো মানুষ এসব মৌলিক অধিকার থেকে বঞ্চিত। তাই এ দরিদ্র জনগোষ্ঠীর দারিদ্র বিমোচন, দরিদ্রদের আর্থ-সামাজিক উন্নয়ন, মর্যাদা বৃদ্ধি, সুস্বাস্থ্য গঠন, শিক্ষা, বাসস্থান নিশ্চিতকরণ, মা ও শিশু মৃত্যুহার হ্রাস করণে ডরূপ মাতৃত্বকালীন ভাতা পরবর্তী কার্যক্রম হিসেবে নতুন একটি কর্মসূচী পাইলট আকারে বাস্তবায়ন সম্পূর্ণ করেছে। ডরূপ'র এ কর্মসূচীর নাম Social Assistance Program for Non-Asseters- 'স্বপ্ন'। এ 'স্বপ্ন' প্রকল্পটি দারিদ্র নিরসনে সরকারী প্রতিশ্রুতি ত্বরান্বিত করার লক্ষ্যে মাতৃত্বকালীন ভাতাপ্রাপ্ত মা-বাবা-শিশু কেন্দ্রিক পাঁচ ভিত্তি সম্বলিত একটি সমন্বিত সামাজিক নিরাপত্তা বেট্টনী কার্যক্রম।

মাতৃত্বকালীন ভাতাপ্রাপ্ত প্রতিটি পরিবারের জন্য স্বপ্ন প্যাকেজ এর ৫টি ভিত্তি হল: ১) স্বাস্থ্য, পুষ্টি ও জন্মনিয়ন্ত্রন কার্ড। ২) শিক্ষা ও বিনোদন কার্ড। ৩) ৩০হাজার টাকা মূল্যে একটি গৃহ ও একটি স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ৪) জীবিকায়ন উন্নয়ন থোক তহবিল বাবদ ৩০হাজার টাকা ৫) কর্মসংস্থানের প্রয়োজনে উন্নয়ন ঋণ প্রদান করা।

ডরূপ স্বপ্ন প্রকল্প স্প্যানিশ আন্তর্জাতিক উন্নয়ন সাহায্য সংস্থা 'আয়েসিদ' এর সহায়তায় উপকূলীয় চর এলাকা লক্ষ্মীপুর জেলার রামগতি, কমলনগর ও লক্ষ্মীপুর সদর উপজেলার ৩০টি ইউনিয়নে মাতৃত্বকালীন ভাতাপ্রাপ্ত ৪৫০ মা-বাবা-শিশু তথা পরিবারকে স্বাবলম্বী করার উদ্দেশ্য নিয়ে কার্যক্রমটি পাইলট আকারে বাস্তবায়ন ইতোমধ্যে সম্পূর্ণ করেছে। ডরূপ এসব অঞ্চল থেকে সরকারিভাবে নির্বাচিত মাতৃত্বকালীন ভাতাপ্রাপ্ত ৪৫০টি পরিবারকে উল্লেখিত ৫টি প্যাকেজ প্রদান করেছে।

ডরূপ সেক্রেটারি জেনারেল এএইচএম নোমান মনে-প্রানে বিশ্বাস করেন, স্বপ্ন প্রকল্প এক প্রজন্ম তথা ২০ বছর মেয়াদে বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে সম্পূর্ণ রূপে দারিদ্রমুক্ত করা সম্ভব। তিনি এখন বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন দিনবদলের সরকারের কাছে দাবী করছেন- দারিদ্র বিমোচনের জন্য যেন সরকার দ্রুত 'স্বপ্ন প্যাকেজ' কার্যক্রম রাষ্ট্রীয় ভাবে চালু করেন। তাহলেই বর্তমান সরকারের দিনবদলের অঙ্গীকার বাস্তবায়নে স্বার্থকতা সাথে সহায়ক হবে।

Av n g dqmj

মিডিয়া এসোসিয়েট, ডরূপ

ইমেইল: ahmfoysoul@yahoo.com